

১। যে সকল সার্ভিসে ফি জমা করতে হবে (পাসপোর্ট , ভিসা, পুলিশ ক্লিয়ারেন্স ইত্যাদি) সেসব সার্ভিসের জন্য সকাল ১০ টা থেকে দুপুর ১ টার মধ্যে ছিঁতা গ্রহণ করুন। বিকালে কোন ফি গ্রহণ করা হয় না।

২। পাসপোর্ট গ্রহণ ( ই-পাসপোর্ট ও এমআরিপি ) , ভিসা গ্রহণ, জন্মসনদ, ওয়েজ আর্নাস কার্ড গ্রহণ করার জন্য বিকাল ৩.৩০ থেকে ৫.০০ টার মধ্যে ছিঁতা গ্রহণ করুন।

৩। ই-পাসপোর্টের জন্য ছিঁতার পাশাপাশি আবশ্যিকভাবে নিম্নবর্ণিত কাগজপত্র লাগবে

ক) অনলাইন আবেদন (<https://www.epassport.gov.bd/>) থেকে

খ) জাতীয় পরিচয়পত্র অথবা অনলাইন জন্মনিবন্ধন সার্টিফিকেট এর যেকোন একটি কপি

গ) পুরনো এমআরিপি পাসপোর্ট, পুরনো পাসপোর্টের ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে লস্টরিপোর্ট

ঘ) স্পেনের রেসিডেন্স কার্ড অথবা পাদ্রামেন্টোর কপি

ঙ) পাসপোর্ট ফি আগেই ব্যাংকে জমাদিয়ে থাকলে অরিজিনাল রশিদ

৪। পাসপোর্ট সংশোধন, লস্ট পাসপোর্ট এর জন্য নতুন পাসপোর্ট, নতুন শিশুদের এবং পাসপোর্টে স্বামী/স্ত্রীর নাম যুক্ত করতে চাইলে ই পাসপোর্ট গ্রহণ বাধ্যতামূলক। এর জন্য অবশ্যই উপরোক্ত সকল কাগজ লাগবে।

৫। ডাকযোগে সার্ভিস, জন্মনিবন্ধনের আবেদন, পাসপোর্ট সংশোধন, ভিসার আবেদনের নিয়ম সহ যাবতীয় সকল তথ্যের জন্য দূতাবাসের ওয়েবসাইট <https://madrid.mofa.gov.bd/> দেখুন।

৬। দূতাবাসে ফোন বা ইমেইল প্রেরণ করতে ওয়েবসাইটে বর্ণিত contact us এর তথ্য দেখুন।

৭। বার্সেলোনার কনসুলার সার্ভিসের নোটিশ দেয়া হলে ছিঁতা চালু করা হবে এবং সকল ছিঁতার স্টপ পূর্ণ হয়ে গেলে তা বন্ধ হয়ে যাবে। ছিঁতা ছাড়া বার্সেলোনায় পাসপোর্ট বিতরণ থেকে শুরু করে কোন প্রকার সার্ভিস দেয়া হবে না।

